



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ২৪.০৫.২০১৭ খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর বিশ্ববিদ্যালয়ে ২ বছর পূর্তি: সম্মাননা প্রদান

বরিশাল বিশ্ববিদ্যালয়ের নব অধ্যক্ষের অগ্রনায়ক মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক এর বিশ্ববিদ্যালয়ে দুই বছর পূর্তি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, ডিন অফিস, দপ্তর প্রধানগন, অফিসার্স এসোসিয়েশন, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, অর্থ ও হিসাব শাখা, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পক্ষ হতে অদ্য ২৪ মে ২০১৭ তারিখ এক সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপাচার্য মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত সম্মাননা প্রদান অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মো. হাসিনুর রহমানের সভাপতিত্বে সংশ্লিষ্ট বিভাগের শিক্ষকমন্ডলী, ছাত্র উপদেষ্টাবৃন্দ, পরিচালকগণ উপাচার্য মহোদয়কে ফুল দিয়ে সম্মাননা প্রদান করেন এবং ২ বছর সফলতার সাথে বিশ্ববিদ্যালয় পরিচালনা করায় তাঁকে আন্তরিক অভিনন্দন জানান। একই সাথে তাঁরা আশাপ্রকাশ করেন উপাচার্য মহোদয়ের যোগ্য এবং গতিশীল নেতৃত্বে শিক্ষা-দিক্ষা ও গবেষণার ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জনের মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয় অচিরেই একটি বিশ্বমানের প্রতিষ্ঠানে পরিনত হবে। এদিকে উপাচার্য মহোদয়ের ২ বছর পূর্তিতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসানের নেতৃত্বে এবং রেজিস্ট্রার মো. মনিরুল ইসলামের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তরের দপ্তর প্রধান ও উপ-পরিচালকবৃন্দ উপাচার্য মহোদয়কে ফুল দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন। একই সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের পক্ষ হতেও উপাচার্য মহোদয়কে ফুল ও ফ্রেস্ট দিয়ে সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানে অফিসার্স এসোসিয়েশনের সভাপতি, সাধারণ সম্পাদকসহ সংগঠনের নেতৃবৃন্দ ও সকল কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিনদের পক্ষ হতে সামাজিকবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমানের নেতৃত্বে ডিন অফিসের কর্মকর্তাবৃন্দ এবং ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের পক্ষ হতেও উপাচার্য মহোদয়কে ফুলে শুভেচ্ছা প্রদান করা হয়। সম্মাননা প্রদান অনুষ্ঠানে উপাচার্য মহোদয় উপস্থিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশ্যে বলেন, বিগত ২ বছরে বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে আপনারা আমার উপর যে আস্থা ও বিশ্বাস রেখেছেন এবং সব ক্ষেত্রে আমাকে সার্বিক সহযোগিতা করেছেন এ জন্য আমি আপনাদেরকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। একইসাথে আমি বিশ্বাস করি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের নিরলস পরিশ্রম এবং সকলের সহযোগিতা অব্যাহত থাকলে বরিশাল বিশ্ববিদ্যালয় অচিরেই তার কাঙ্ক্ষিত লক্ষে পৌঁছে যাবে। বরিশাল বিশ্ববিদ্যালয় এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস